ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

NOV. 15 2002

# মাগুরা সরকারি মহিলা কলেজের জায়গা কিন্ডার গার্টেনের নামে বরাদ্দ!

**মাগুরা প্রতিনিধি** : মাগুরা সরকারি মহিলা কলেজের জায়গা একটি কিন্ডার গার্টেনের নামে বরাদ্দ দেওয়ায় কলেজ ও কিন্ডার গার্টেন কর্তৃপক্ষের মধ্যে টানাপড়েন শুরু হয়েছে। কলেজ কর্তৃপক্ষ প্রায় কোটি টাকার সম্পত্তি যাতে বেহাত না হয় সেজন্য শিক্ষা সচিবসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেছে।

মাগুরা জেলা শহরে অবস্থিত মাগুরা সরকারি মহিলা কলেজ জেলার নারী শিক্ষার সর্বোচ্চ বিদ্যাপীঠ। বর্তমানে ছাত্রীদের জন্য হোস্টেল নির্মাণ, একাডেমিক ও প্রশাসনিক ভবন নির্মাণসহ কলেজটির বেশ কিছু উন্নয়নমূলক কর্মকাণ্ড চলছে। কিন্তু কলেজটির মালিকানাধীন ১.২৪ একর জায়গার মধ্য থেকে জেলা প্রশাসন 'সূর্যমুখী শিশু বিদ্যালয়' নামের একটি কিন্ডার গার্টেনকে ৪১ শতাংশ জায়গা বরাদ্দ করায় জটিলতার সৃষ্টি হয়েছে। খাজনা পরিশোধের যাবতীয় কাগজপত্র কলেজের পক্ষে থাকা সত্ত্বেও কিন্ডার গার্টেনটি জেলা প্রশাসনের আশীর্বাদে জোর করে তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এই নিয়ে বর্তমানে মাগুরা সরকারি মহিলা কলেজ ও কিন্ডার গার্টেনটির মধ্যে টানাপড়েন চলছে।

মহিলা কলেজের অধ্যক্ষার কাছ থেকে জানা গেছে যে, কলেজ কর্তৃপক্ষ বেদখল হওয়া জমি পুনরুদ্ধারে জেলা প্রশাসনের কাছে দেন-দরবার করেও কোনো ফল পাননি। মাগুরা সরকারি মহিলা কলেজের কোটি টাকার সম্পত্তি যাতে বেহাত না হয় সেজন্য কলেজ কর্তৃপক্ষ শিক্ষা সচিবের শরণাপন্ন হয়েছেন বলে জানা গেছে।